আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৬ নভেম্বর, ২০২২ ১৯:২৬

# বারি'তে কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন

গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (এএসআইসিটি) আয়োজনে রবিবার ইনস্টিটিউটের সেমিনার কক্ষে কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে।

৬ থেকে ১০ নভেম্বর পর্যন্ত চলমান 'Tailor-Made Training on Open-Source Scientific Computing for Agro-Geospatial Big Data Analysis' শীর্ষক এ প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বিজ্ঞানী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিসহ মোট ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছেন।

সকালে বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলামে সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে গেস্ট অব অনার ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন আইটিসি, ইউনিভার্সিটি অব টুয়েন্টি, নেদারল্যান্ডসের সহকারী অধ্যাপক ড. প্যানাজিওটিস নাইকটাস। স্বাগত বক্তব্য রাখেন বারি'র এএসআইসিটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল মোনায়েম মিয়া। অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম মাহবুব।

পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীরা কৃষি গবেষণায় আধুনিক প্রযুক্তি তথা ড্রোন, স্যাটেলাইট ইত্যাদি ব্যবহার করে কিভাবে তথ্য সংগ্রহ করা যায় সে বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ লাভ করবে। বিশেষ করে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এ প্রশিক্ষণ খুবই কার্যকর ভূমিকা পালন করবে বলে উদ্বোধন অনুষ্ঠানে আশাবাদ ব্যক্ত করা হয়।

বিডি-প্রতিদিন/সালাহ উদ্দীন

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক
বাংলাদেশ প্রতিদিন
ঢাকা ■ ২২ কার্তিক ১৪২৯ | সোমবার ■ ৭ নভেম্বর ২০২২

## কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ


বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (এএসআইসিটি) আয়োজনে গতকাল ইনস্টিটিউটের সেমিনার কক্ষে কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। -গাজীপুর প্রতিনিধি

যায়যায়দিন

# বারি'তে কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন

প্রকাশ | ০৬ নভেম্বর ২০২২, ১৬:০৬

গাজীপুর প্রতিনিধি




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (এএসআইসিটি) এর আয়োজনে রোববার কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। ৬—১০ নভেম্বর পর্যন্ত চলমান এ প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বিজ্ঞানী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিসহ মোট ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

সকালে বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে গেস্ট অব অনার ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, আইটিসি, ইউনিভার্সিটি অব টুয়েন্টি, নেদারল্যান্ডসের সহকারী অধ্যাপক ড. প্যানাজিওটিস নাইকটাস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, বারি'র এএসআইসিটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল মোনায়েম মিয়া। অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম মাহবুব।

পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম বলেন, পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীরা কৃষি গবেষণায় আধুনিক প্রযুক্তি তথা ড্রোন, স্যাটেলাইট ইত্যাদি ব্যবহার করে কিভাবে তথ্য সংগ্রহ করা যায় সে বিষয়ে হাতে—কলমে প্রশিক্ষণ লাভ করবে। বিশেষ করে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এ প্রশিক্ষণ খুবই কার্যকর ভূমিকা পালন করবে বলে উদ্বোধন অনুষ্ঠানে আশাবাদ ব্যক্ত করা হয়।

যাযাদি/মনিরুল

আজকালের খবর
THE DAILY AJKALER KHABAR
সোমবার • ৭ নভেম্বর ২০২২ • ২২ কার্তিক ১৪২৯ • ১১ রবিউস সানি ১৪৪৪



# বারিতে কৃষিতে ড্রোন ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ শুরু

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)র কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (এএসআইসিটি)র আয়োজনে গতকাল রবিবার কৃষিতে ড্রোনের ব্যবহার বিষয়ক পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। আগামী ১০ নভেম্বর পর্যন্ত চলমান এ প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বিজ্ঞানী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিসহ মোট ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।


সকালে বারির পরিচালক ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে গেস্ট অব অনার ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, আইটিসি, ইউনিভার্সিটি অব টুয়েন্টি, নেদারল্যান্ডসের সহকারী অধ্যাপক ড. প্যানাজিওটিস নাইকটাস। স্বাগত বক্তব্য রাখেন বারির এএসআইসিটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল মোনায়েম মিয়া। প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম মাহবুব।

বাংলাদেশ জার্নাল

# বারি'তে কৃষিতে ড্রোন ব্যবহারবিষয়ক প্রশিক্ষণের উদ্বোধন

প্রকাশ : ০৬ নভেম্বর ২০২২, ১৮:২৯ | অনলাইন সংস্করণ

গাজীপুর প্রতিনিধি




প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে বক্তারা। ছবি: প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (এএসআইসিটি) আয়োজনে রোববার কৃষিতে ড্রোনের ব্যবহারবিষয়ক পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। ৬—১০ নভেম্বর পর্যন্ত চলমান এ প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের বিজ্ঞানী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিসহ মোট ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

সকালে বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. ফেরদৌসী ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে গেস্ট অব অনার ও প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন আইটিসি, ইউনিভার্সিটি অব টুয়েন্টি, নেদারল্যান্ডসের সহকারী অধ্যাপক ড. প্যানাজিওটিস নাইকটাস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র এএসআইসিটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল মোনায়েম মিয়া। অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্সের সার্বিক বিষয় উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম মাহবুব।

পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম বলেন, পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীরা কৃষি গবেষণায় আধুনিক প্রযুক্তি তথা ড্রোন, স্যাটেলাইট ইত্যাদি ব্যবহার করে কিভাবে তথ্য সংগ্রহ করা যায় সে বিষয়ে হাতে—কলমে প্রশিক্ষণ লাভ করবে। বিশেষ করে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় এ প্রশিক্ষণ খুবই কার্যকর ভূমিকা পালন করবে বলে উদ্বোধন অনুষ্ঠানে আশাবাদ ব্যক্ত করা হয়।